

এইচএসসি পরীক্ষা আগামী বছরেও সংক্ষিপ্ত সিলেবাসে

নিজস্ব
প্রতিবেদক

২০ ফেব্রুয়ারি,
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



আগামী বছরও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা সংক্ষিপ্ত সিলেবাসে অনুষ্ঠিত হবে। গতকাল সোমবার ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশার স্বাক্ষরিত অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, ২০২৫ সালে অনুষ্ঠেয় এইচএসসি ও সমমান পরীক্ষার সিলেবাস ২০২৩ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার মতো

সংক্ষিপ্ত সিলেবাসে হবে। এর আগে গত বছরের ১৮ ডিসেম্বর বাংলাদেশ আন্তর্জাতিক শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি জানায়, ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের পাঠ্যসূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা সব বিষয়ে, পূর্ণ সময়ে ও পূর্ণ নম্বরে অনুষ্ঠিত হবে।